

সমন্বয় বিভাগ

এ বিভাগের মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যক্রম তত্ত্বাবধান, সুপারভিশন, মনিটরিং ও সমন্বয় সাধন করা হয়। মাঠ পর্যায়ে জাতীয় ও ধর্মীয় দিবসসমূহ যেমন: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, বাংলা নববর্ষ, আশুরা, পবিত্র শবে বরাত, পবিত্র শবে কদর ও পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) পালন/উদযাপনে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ বিভাগের অন্যতম কর্মসূচি হলো জাতীয় পর্যায়ে শিশু-কিশোর ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠান উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন, তদারকি ও মনিটরিং করা হয়। জাতীয় হিফয প্রতিযোগিতা ও সীরাত পাঠ প্রতিযোগিতা শিরোনামে দুটি নতুন কর্মসূচি এ বছর শুরু করা হচ্ছে। এছাড়া ধর্ম বিষয়ক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন সামাজিক সচেতনতামূলক কার্যাবলি সম্পাদনও এই বিভাগের কর্মপরিধিভুক্ত। মাসিক সমন্বয় সভা আহ্বান করাসহ জেলা কার্যালয়ের জন্য ভবন নির্মাণ/জমি ক্রয়/বাড়ি ভাড়া ব্যবস্থার কার্যক্রম দেখভাল করে সমন্বয় বিভাগ।

একই সঙ্গে বছরজুড়ে সাম্প্রদায়িক সম্প্রীতি সুরক্ষা, মাদকাসক্তি, মানবপাচার, যৌতুকপ্রথা, নারী ও শিশু নির্যাতন, ডেঙ্গু, দুর্নীতি, মজুতদারি, খাদ্যে কৃত্রিম সংকট সৃষ্টি ও খাদ্যদ্রব্যে ভেজাল প্রতিরোধসহ বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানে জনসচেতনতা বৃদ্ধিতে এ বিভাগ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। এই বিভাগের প্রধান হিসেবে একজন পরিচালক রয়েছেন।

সমন্বয় বিভাগের ই-মেইল: ifacoordination@gmail.com